ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৬৮ ● কলকাতা ● ২৬ ফাল্গুন, ১৪৩১ ● মঙ্গলবার ● ১১ মার্চ ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## নিয়োগ মামলায় রহস্যময় 'চিনু দা' কে?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বিগত কয়েক বছর ধরে নিয়োগ দুর্নীতি মামলায় সরগরম রাজ্য-রাজনীতি। এই মামলায় এখনও জেলবন্দি রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় সহ বেশ কয়েকজন। তবে ইদানিং সকলের আলোচনার কেন্দ্রবিন্দু হয়ে উঠেছেন 'কালীঘাটের কাকু' ওরফে সুজয়কৃষ্ণ ভদ্র ।নোটবুক ঘেঁটে দেখা যাচ্ছে, দফায় দফায়

এরপর ৩ পৃষ্ঠায়

## তদন্তের নামে হেনস্থার অভিযোগ! এবার খোদ পুলিশের বিরুদ্ধে হাইকোর্টে মামলা!




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সাম্প্রতিক অতীতে একাধিক ঘটনায় পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছে কলকাতা হাইকোর্ট । বহুক্ষেত্রে বিচারপতির ভর্ৎসনার মুখেও পড়তে হয়েছে। এবার যেমন তদন্তের নামে পুলিশি হেনস্থার অভিযোগ তুলে উচ্চ আদালতে মামলা দায়ের করা হল। জাস্টিস তীর্থঙ্কর ঘোষের এজলাসে এই মামলা করা হয়েছে।জানা যাচ্ছে, পুলিশের বিরুদ্ধে অতিসক্রিয়তার অভিযোগ তুলে এই মামলা দায়ের করেছেন উদ্দীপন কুণ্ডু নামের এক এসএফআই সমর্থক ছাত্র। তাঁর দাবি, যাদবপুরের পড়ুয়াদের জিজ্ঞাসাবাদের জন্য বারবার ডেকে পাঠানো হচ্ছে। গত ৭ মার্চ তাঁদের ডেকে পাঠানো হয়েছিল। সেদিন তাঁদের কাছ থেকে মোবাইল ফোন চাওয়া হয় বলে অভিযোগ। তাঁরা তাতে আপত্তি জানান। এরপরেও তাঁদের হেনস্থা করা হচ্ছে বলে অভিযোগ আনা হয়েছে।

সোমবার ফের তাঁদের তলব করা হয়েছে। এবার যাদবপুর

এরপর ৩ পাতায়






# প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী সিলভাসায় নমো হাসপাতালের উদ্বোধন করলেন; দেখলেন ভারতের প্রথম এআই-চালিত নী রিপ্লেসমেন্ট রোবট, মিসোর ডেমনস্ট্রেশন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নয়াদিল্লি মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী দাদরা ও নগর হাভেলির সিলভাসাতে ৪৫০-সজ্জার নমো হাসপাতালের প্রথম পর্যায়ের উদ্বোধন করেছেন। ₹৪৬০ কোটি'র এই হাসপাতালটি একটি অত্যাধুনিক স্বাস্থ্য প্রতিষ্ঠান, যেটি এলাকায় উন্নত স্বাস্থ্য পরিষেবা প্রদান করতে তৈরী করা হয়েছে। এছাড়াও প্রধানমন্ত্রী ₹২,৫০০ কোটিরও বেশি মূল্যের একাধিক জনকল্যাণমূলক প্রকল্পের সূচনা করেন, যার মধ্যে নতুন হাসপাতাল, স্কুল এবং জনসেবার উন্নয়ন ও স্বাস্থ্যসেবার লভ্যতা বৃদ্ধির লক্ষ্যে নেওয়া গুরুত্বপূর্ণ অবকাঠামোগত উদ্যোগগুলি অন্তর্ভুক্ত।

পরিদর্শনের সময়ে, প্রধানমন্ত্রী মোদী ভবিষ্যতের হাসপাতালটির 3D মডেলের পর্যালোচনা করেন এবং তার আধুনিক চিকিৎসা পরিকাঠামোর প্রশংসা করেন। অনুষ্ঠানটির একটি উল্লেখযোগ্য আকর্ষণ ছিল নী রিপ্লেসমেন্ট সার্জারির জন্য ভারতের সর্বপ্রথম দেশজভাবে তৈরি এআই-চালিত রোবোটিক সিস্টেম মিসোর ডেমনস্ট্রেশন, যা উপস্থাপন করেন মেরিলের সিইও শ্রী বিবেক শাহ।

"মেরিলে, আমরা উদ্ভাবনী, বিশ্বমানের প্রযুক্তি বিকশিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যা শুধু অস্ত্রোপচারের নির্ভুলতাকেই বাড়িয়ে তোলে না, চিকিৎসার ফলাফল এবং রোগীর নিরাময়ের উন্নতিও ঘটায়। উন্নত চিকিৎসা প্রযুক্তিতে স্বনির্ভরতার দিশায় ভারতের যাত্রাপথে মিসো একটি গর্বের মাইলফলকের প্রতিনিধিত্ব করে", মেরিলের সিইও শ্রী বিবেক শাহ বলেন।

এই অত্যাধুনিক প্রযুক্তি ভারতে অর্থপেডিক সার্জারীতে বিপ্লব আনার জন্য প্রস্তুত, এবং এটি আরও বেশি নির্ভুলতা এবং রোগীদের জন্য উন্নত ফলাফল প্রদান করে।

ভারতের স্বাস্থ্যসেবা ক্ষেত্রকে অগ্রসর করা উদ্ভাবন এবং প্রযুক্তিগত উন্নতির প্রতি প্রধানমন্ত্রী গভীর আগ্রহ প্রকাশ করেন। তিনি উচ্চমানের স্বাস্থ্য পরিষেবাকে আরও সহজলভ্য করে তুলতে দেশজ চিকিৎসা প্রযুক্তির গুরুত্বের উপর জোর দেন। নমো হাসপাতালের উদ্বোধন ভারতের চিকিৎসা ব্যবস্থাকে শক্তিশালী করে তোলার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং এটি বিশ্বমানের স্বাস্থ্যসেবা পরিকাঠামোর প্রতি এই দেশের অঙ্গীকারকেও পুনরায় ব্যক্ত করে।

## মানিকপাড়া মহাবিদ্যালয়ের প্রিন্সিপালের কাছে ডেপুটেশন প্রদান



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

মানিকপাড়া মহাবিদ্যালয়ের তৃণমূল ছাত্র পরিষদের পক্ষ থেকে একাধিক দাবি নিয়ে মহাবিদ্যালয়ের প্রিন্সিপালের কাছে দেওয়া হল ডেপুটেশন। জানা গেছে, মোট সাত দফা দাবি নিয়ে সোমবার ডেপুটেশন দেওয়া হয় মানিকপাড়া মহাবিদ্যালয়ের প্রিন্সিপালের কাছে। দাবির মধ্যে রয়েছে কলেজের দৈনন্দিন ক্লাস রুটিন অনুযায়ী না হওয়ার কারণে ছাত্র-ছাত্রীদের পড়াশোনার মনবল নষ্ট হচ্ছে, এছাড়াও ইন্টারনেট যুক্ত ক্যাম্পাসের প্রয়োজন এই সমস্ত দাবি নিয়ে মোট ছাদ দফা দাবি দাওয়াতে কলেজের প্রিন্সিপালের কাছে ডেপুটেশন জমা দিলেন ঝাড়গ্রাম জেলার মানিকপাড়া মহাবিদ্যালয়ের তৃণমূল ছাত্র পরিষদের সদস্যরা। এদিনের এই ডেপুটেশন প্রদান কর্মসূচিতে উপস্থিত ছিলেন তৃণমূল ছাত্র পরিষদ সংগঠনের নেতা বাপ্পা সা, কমলেশ মাহাতো, রৌমদীপ দাস সহ অন্যান্য তৃণমূল ছাত্র পরিষদের সদস্যরা।

# ভাত খেয়ে ছেলে উচ্চ মাধ্যমিক দিতে যাবে, রাঁধতে রাঁধতেই মৃত্যুর কোলে ঢলে পড়লেন মা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কথায় আছে, জন্ম, মৃত্যু, বিয়ে, সবটাই বিধাতার লেখা! ছেলে উচ্চমাধ্যমিক দিতে যাবে। তাই সকালে উঠেই ছেলের জন্যে রাঁধতে লেগে পড়েন মা। ছেলেকে ভাত খাইয়ে পরীক্ষা দিতে পাঠাবেন তিনি। কিন্তু রাঁধতে রাঁধতেই বুক চাপড়ে বসে পড়লেন মা। হৃদরোগে আক্রান্ত হয়ে মুহূর্তেই শেষ মায়ের জীবন.মায়ের মৃত্যুতে স্বাভাবিকভাবেই কান্নায় ভেঙে পড়ে রূপঙ্কর। শিক্ষকরাই তাঁকে সাহস যুগিয়ে পরীক্ষা দিতে পাঠায়। অগত্যা মায়ের নিথর দেহ দেখে চোখের জল মুছতে মুছতে পরীক্ষা দিতে যায় ছেলে। পরীক্ষা দিয়ে বাড়ি ফিরে মায়ের সৎকার করবে সে। তবে ওই যুবকের বাড়িতে আর কে কে আছে তা জানা যায়নি। বাবা বেঁচে আছেন নাকি মারা গিয়েছেন,



তাও জানা যায়নি।

মায়ের নিথর দেহ বাড়িতে রেখেই জীবনের বড় পরীক্ষা দিতে গেল ছেলে। এমন ঘটনা মর্মান্তিক ছাড়া আর কী হতে পারে! পরীক্ষা দিয়ে মাকে দাহ করতে নিয়ে যাবে ছেলে। মর্মান্তিক ঘটনাটি ঘটেছে, সোমবার সকালে বোলপুর শ্রীনিকেতন ব্লকের অন্তর্গত রূপপুরে। পরীক্ষার্থীর মৃত মায়ের নাম অঞ্জু ভাদুড়ি। বয়স ৪৩ বছর। আর পরীক্ষার্থীর নাম রূপঙ্কর ভাদুড়ি।

এ বছর উচ্চমাধ্যমিক পরীক্ষায় বসেছে সে। জীবনের বড় পরীক্ষার সময়েই যে, সে তাঁর মাকে হারাবে তা বোধহয় স্বপ্নেও ভাবতে পারেনি কিশোর পরীক্ষার্থী। বোলপুর বিবেকানন্দ বিদ্যাপীঠে উচ্চমাধ্যমিকের সিট পড়েছে তাঁর। অন্যান্য দিনের মতো এ দিনও ৮ টা নাগাদ স্নান সেরে তৈরি হচ্ছিল রূপঙ্কর। তাঁর মা তখন রান্নাঘরে ভাত রাঁধছেন। সেই সময়েই মর্মান্তিক পরিণতি হয় মায়ের। সূত্রের খবর, রান্নাঘরেই আচমকা অসুস্থ বোধ করেন রূপঙ্করের মা। তাঁর শরীর ছেড়ে দেয়। মুহূর্তেই সব শেষ হয়ে যায়। হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান তিনি। মাকে ওই অবস্থায় দেখে স্বাভাবিকভাবেই দিশেহারা হয়ে পড়ে ছেলে। এলাকার লোকজন তৎক্ষণাৎ স্থানীয় কাউন্সিলরকে খবর দেন। স্কুলের শিক্ষকরা ছাত্রের বাড়িতে যান।







(১ম পাতার পর)

# নিয়োগ মামলায় রহস্যময় 'চিনু দা' কে?

কখনও ১২ কোটি তো কখনও ২৪ কোটি এমনই মোটা অংকের টাকা বিভিন্ন সময়ে এসে পৌঁছেছিল কালীঘাটের কাকু ওরফে সুজয় কৃষ্ণ ভদ্রের কাছে। সিবিআই অফিসারদের আরও দাবি অযোগ্য চাকরিপ্রার্থীরা চাকরির বিনিময়ে যে ঘুষের টাকা দিতেন তা বিভিন্ন সাব এজেন্টদের মাধ্যমে সংগ্রহ করা হতো। সেই টাকা চিনু দা ওরফে অরুণ হাজরার মত একাধিক ব্যক্তির মাধ্যমে পৌঁছে যেত কালীঘাটের কাকুর কাছে।কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই-এর দেওয়া চার্জশিট শোরগোল ফেলে ইতিমধ্যেই। সম্প্রতি ওই চার্জশিটে উঠে এসেছে এক রহস্যময় চরিত্র 'চিনু দা' । কিন্তু প্রশ্ন হল কে এই চিনু দা? কী তাঁর আসল পরিচয়? সিবিআই চার্জশিটে কেন উল্লেখ রয়েছে তাঁর নাম? এই মুহূর্তে তাঁকে ঘিরে মাথাচাড়া দিতে শুরু করেছে এমনই একাধিক প্রশ্ন।

সিবিআই সূত্রে খবর নিয়োগ মামলার (Recruitment Scam) এই 'রহস্যময়' নতুন চরিত্র চিনু দা ওরফে অরুণ হাজরা আসলে 'কালীঘাটের কাকু'র ঘনিষ্ঠ একজন ব্যক্তি। তিনি কলেজ স্কোয়ার এলাকার অত্যন্ত প্রভাবশালী একজন নেতা। সিবিআই সূত্রে খবর, তাঁর লাল রঙের আইটেন গাড়ি করে কোটি কোটি নগদ টাকা পৌঁছে যেতে কালীঘাটের কাকু ওরফে সুজয় কৃষ্ণ ভদ্রের বেহালার বাড়িতে। কেন্দ্রীয় এজেন্সির চার্জশিটে উল্লেখ করা হয়েছে অন্তত ১২ বার এই লাল আইটেন গাড়ি করে কালীঘাটের কাকুর বাড়িতে নগদ টাকা পৌঁছে দেওয়া হয়েছে। জানা যাচ্ছে, কালীঘাটের কাকু ওরফে সুজয়কৃষ্ণ ভদ্রের অত্যন্ত ঘনিষ্ঠ কর্মী মকবুল হোসেনকে জিজ্ঞাসাবাদ করে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার অফিসারেরা যে তথ্য পেয়েছেন তা ইতিমধ্যেই সিবিআই চার্জশিটে উল্লেখ করা হয়েছে। যা থেকে জানা যাচ্ছে মকবুল হোসেনের কাছ থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ তিনটি নোটবুক উদ্ধার করা হয়েছিল। ওই নোটবুক থেকে কেন্দ্রীয় তদন্তকারী অফিসারেরা মোট ৩১ কোটি টাকার হিসাব পেয়েছেন।

সিবিআই-এর দেওয়া ওই চার্জশিটে স্পষ্ট উল্লেখ করা হয়েছে এই ৩১ কোটি টাকা শুধুমাত্র ২০১৯ থেকে ২০২২ সালের মধ্যে লেনদেন করা হয়েছে। এর আগে যে টাকা লেনদেন হয়েছে তা নাকি অন্য তথ্য থেকে তদন্তকারীদের হাতে এসে পৌঁছেছে।

(১ম পাতার পর)

# তদন্তের নামে হেনস্থার অভিযোগ! এবার খোদ পুলিশের বিরুদ্ধে হাইকোর্টে মামলা!

বিশ্ববিদ্যালয়ে অশান্তির ঘটনায় তদন্তের নামে পুলিশি হেনস্থার অভিযোগ তুলে হাইকোর্টে দায়ের করা হল মামলা। দ্রুত শুনানির আবেদন জানিয়েছেন উদ্দীপন নামের ওই এসএফআই সমর্থক ছাত্র। মঙ্গলবার এই মামলার শুনানি হওয়ার সম্ভাবনা রয়েছে।মার্চের শুরুতেই উত্তপ্ত হয়ে ওঠে যাদবপুর বিশ্ববিদ্যালয় । ওয়েবকুপার বার্ষিক সম্মেলনে যোগ দিতে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গিয়েছিলেন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। সেখানে বিক্ষোভের মুখে পড়েন তিনি। শিক্ষামন্ত্রীকে হেনস্থা, তাঁর গাড়ির চাকার হাওয়া খুলে দেওয়ার অভিযোগ ওঠে। পাল্টা মন্ত্রীর গাড়িতে এক ছাত্রকে 'পিষে' দেওয়ার অভিযোগ আনা হয়।

ইতিমধ্যেই এই ঘটনার জল গড়িয়েছে কলকাতা হাইকোর্ট অবধি। গত শুক্রবার উচ্চ আদালতে সেই মামলার শুনানি চলাকালীন পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন ওঠে। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর নিরাপত্তায় বড়সড় গাফিলতি ছিল বলে দাবি করেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ। এবার তাঁর এজলাসেই যাদবপুরকাণ্ডের তদন্তের নামে পুলিশি হেনস্থার অভিযোগ তুলে মামলা দায়ের করা হল।

# তোপ, বন্দুক নিয়ে সবে নেমেছিল ট্রাম্পের সেনা! পরপর প্রাণঘাতী মিসাইল ছুঁড়ল কিমের দেশ

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ব্যালেস্টিক ক্ষেপণাস্ত্র ছুঁড়ল উত্তর কোরিয়া। সোমবার যখন সম্মুখ আসরে সামরিক মহড়ার জন্য প্রস্তুতি নিচ্ছে দক্ষিণ কোরিয়া ও আমেরিকা, সেই সময় উত্তর কোরিয়ার পশ্চিমাঞ্চলের পীতসাগর থেকে ছোঁড়া হল এই ব্যালেস্টিক মিসাইলটি। আর তারপর সরগরম বিশ্ব রাজনীতি। অবশ্য, কোনও ক্ষতি হয়নি বলেই খবর।দক্ষিণ কোরিয়া ও আমেরিকার এই যৌথ সামরিক মহড়া নিয়ে দিন কয়েক আগেই মুখ খুলেছিলেন উত্তর কোরিয়ার প্রেসিডেন্ট কিম জং উন। এই মহড়াকে 'উস্কানিমূলক' তকমা দেন তিনি। তারপর দিন পেরতেই চলল এই ব্যালেস্টিক হুঁশিয়ারি। শূন্যের দিকে ছোঁড়া হয় এই ক্ষেপণাস্ত্র। মূলত, আমেরিকা ও দক্ষিণ কোরিয়াকে হুঁশিয়ারি দিতেই এই পদক্ষেপ কিম জং উনের, দাবি একাংশের।

এরপর ৬ পাতায়

# বাম আমলে পাট্টা দেওয়া জমি আদালতের নির্দেশে দখল নিতে গিয়ে বিক্ষোভের মুখে পুলিশ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

**হুগলি:** বাম আমলে পাট্টা দেওয়া জমি আদালতের নির্দেশে দখল নিতে গিয়ে বিক্ষোভের মুখে পুলিশ ও বিডিও। হুগলির দাদপুর থানার বাবনান গ্রাম পঞ্চায়েতের মূলগ্রাম মৌজার প্রায় ২৫ বিঘা জমি বাম আমলে ১৯৯৪ সালে পাট্টা দেওয়া হয়। ১৭৭ জন সেই পাট্টা পেয়ে চাষবাস করছিলেন এতদিন।অবস্থা নিয়ন্ত্রণে আনতে বিডিও পোলবা জগদীশচন্দ্র বাড়ুই মাইকে বলেন, "এই জমির বৈধ কাগজ আপনাদের কাছে নেই। হাইকোর্টের নির্দেশ অনুযায়ী জমির মালিককে তার জমি ফিরিয়ে দিতে আমরা এসেছি। যে জমিতে ফসল আছে সেগুলোতে এখন হাত দেওয়া হবে না।"জমির মালিক সেই জমি ফিরে পেতে মামলা করে আদালতে। হাইকোর্ট তাঁকে জমির পজিশান বুঝিয়ে দেওয়ার নির্দেশ দেয় মহকুমা শাসক ও ব্লক প্রশাসনকে। সেই মতো গত বুধবার পুলিশ নিয়ে প্রশাসনের লোকজন জমি দখল নিতে গিয়ে বাধার মুখে পরে।

সোমবার ফের বিশাল পুলিশ বাহিনী-সহ জমির দখল নিতে যায় ব্লক প্রশাসন। পোলবা-দাদপুরের বিডিও ও পুলিশকে ঘিরে বিক্ষোভ শুরু করে পাট্টাদাররা। বিক্ষোভে দলের পতাকা নিয়ে নেতৃত্ব দেয় সিপিএম। পাট্টাদাররা জানান,কোনও মতে তাঁরা জমি ছাড়বেন না। গত ৩০ বছর ধরে তারা ওই জমিতে চাষ করছেন। বাম সরকার তাদের পাট্টা দিয়েছিল।এই জমি তাদের। বর্তমান সরকার সেই জমি কেড়ে নিতে চাইছে।

একদিকে যখন সিপিএমের যখন বিক্ষোভ চলছে। অন্যদিকে স্থানীয় তৃণমূল কর্মীরা জড়ো হয়ে থাকে। জমির অংশীদার মহসিন মণ্ডল বলেন, "বাম সরকারে আমলে সিপিএম জোর করে জমি দখল করে বিলি করে দিয়েছিল। এই জমির মালিক আটওয়ারা খাতুন। ২০০২ সালে পাট্টা খারিজ হয়ে গেছে। ২০১৯ সালে আমাদের নামে পর্চা হয়ে যায়। তারপর থেকে জমির দখল নিতে পারিনি। আদালত নির্দেশ দিলেও তা দিতে পারছিল না প্রশাসন। বর্তমানে ওই পাট্টাদারদের ৬০ শতাংশ মারা গেছে। যারা আছে তারা মৌখিকভাবে জমি অন্যকে বেচে দিয়েছে।"

## সম্পাদকীয়

### জাল নথি দিয়ে অন্যের জমি নিজের নামে করে গ্রেফতার তৃণমূল নেতা! হাবড়ায় শোরগোল

অন্যের জমি হাতিয়ে নেওয়ার অভিযোগে গ্রেফতার হলেন তৃণমূলের এক নেতা। উত্তর ২৪ পরগনার হাবড়ার ঘটনা। ইতিমধ্যে এ নিয়ে কটাক্ষ শুরু করেছে বিজেপি। পদ্মশিবিরের নেতা বিপ্লব হালদার বলেন, "হাবড়ার বিধায়কও দুর্নীতিগ্রস্ত। তৃণমূল নেতার গ্রেফতারির কথায় মনে হচ্ছে, পুলিশের শুভবুদ্ধির উদয় হয়েছে।" অন্য দিকে, স্থানীয় তৃণমূল নেতা পুলক চট্টোপাধ্যায়ের মন্তব্য, "আইন আইনের পথে চলবে। কেউ যদি দুর্নীতির সঙ্গে যুক্ত থাকেন, তা হলে তিনি সাজা পাবেন। এর সঙ্গে দলের কোনও সম্পর্ক নেই। আর দল এই রকম কাজে প্রশ্রয়ও দেয় না।"তিনি বলেন, "আমার পৈতৃক সম্পত্তি জাল নথি দিয়ে নিজের নামে করে নিয়েছেন জয়দেব।"

ওই অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে হাবড়া থানার পুলিশ। সোমবার তৃণমূল নেতা গ্রেফতার হন। পুলিশ সূত্রের খবর, প্রায় দেড় বিঘা জমি নিজের নামে করার জন্য দলিল জাল করে রেকর্ড বার করেছিলেন ওই তৃণমূল নেতা। তাঁকে গ্রেফতারের পর সোমবারই হাজির করানো হয় বারাসত আদালতে। হাবড়া-ফুলতলা এলাকায় ৫১ শতক জমির মালিক ছিলেন জগৎবন্ধু দত্ত। ১৯৯৭ সালের পর থেকে তাঁর আর খোঁজ পাওয়া যায়নি। সেই জমিই নিজের নামে করে নেওয়ার অভিযোগ উঠেছে ওই তৃণমূল নেতার বিরুদ্ধে। তাঁর বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার ৩২৯/৩, ৩১৮/৪, ৩৩৬/২,৩৩৮, ৩৪০/৩ ধারায় মামলা রুজু হয়। সেই অনুযায়ী পদক্ষেপ করা হয়েছে। ধৃতকে সাত দিনের জন্য হেফাজতে চেয়ে আদালতে আবেদন জানিয়েছে পুলিশ।

# মায়ের আশীর্বাদ অসীম





**মৃত্যুঞ্জয় সরদার**
**(আঠারোতম পর্ব)**

করেছিলেন আশ্বিন মাসের কোজাগরী শুক্লা চতুর্দশীতে। আরও আশ্চর্যের ঘটনা হল, জয়দত্ত মন্দির প্রতিষ্ঠা করে প্রথম যেদিন দেবীর পুজো করেছিলেন, সেদিনটাও ছিল কোজাগরী শুক্লা চতুর্দশী। আজও এই বিশেষ দিনে তারামায়ের পুজো ধুমধাম করে হয়।আমার গবেষণায় এক চাঞ্চল্যকর তথ্য উঠে এসেছে তারা মায়ের মন্দির কে নিয়ে।রাণ থেকে মধ্যযুগ হয়ে ফেরা যাক আধুনিক বাস্তবের ইতিহাসে। জয়দত্তের তৈরি করা মন্দির একদিন ক্রমেই জীর্ণরূপ ধারণ করল। তখন সেই মন্দিরকে নতুন ভাবে নির্মাণ করতে এগিয়ে এলেন

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## খরচ করতে পারছেন না বিধায়ক তহবিলের টাকা! সুরাহা চেয়ে মুখ্যমন্ত্রীর শরণাপন্ন নওশাদ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

প্রশাসনিক জটিলতায় খরচ করতে পারছেন না বিধায়ক তহবিলের টাকা। অভিযোগ আইএসএফ নেতা তথা ভাঙড়ের বিধায়ক নওশাদ সিদ্দিকির। সোমবার 'সমস্যা'র সমাধান চেয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের শরণাপন্ন হলেন তিনি। এদিন মুখ্যমন্ত্রীর সঙ্গে প্রায় ২০ মিনিট কথা হয় ভাঙড়ের বিধায়কের। সূত্রের খবর, নওশাদকে সবরকম সহযোগিতার আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী।এদিন সরাসরি মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করার আবেদন জানান নওশাদ। বিষয়টি জানামাত্রই অনুমতি দেন মমতা বন্দ্যোপাধ্যায়। নির্ধারিত সময়েই নবান্ন পৌঁছন আইএসএফ বিধায়ক। মুখ্যমন্ত্রীর সঙ্গে ২০ মিনিটের বৈঠকে নিজের যাবতীয় সমস্যার কথা জানান তিনি। নওশাদ জানিয়েছেন, গোটা বিষয়টা জানার পরই সমস্তরকম সহযোগিতার আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী। জানা গিয়েছে, সোমবার বিধানসভা অধিবেশন চলাকালীনই তহবিল সংক্রান্ত সমস্যা নিয়ে দৃষ্টি আকর্ষণের চেষ্টা করেন ভাঙড়ের আইএসএফ (ইন্ডিয়ান সেকুলার ফ্রন্ট) বিধায়ক নওশাদ সিদ্দিকি। তারপর বিকেল সাড়ে পাঁচটা নাগাদ আচমকাই তিনি পৌঁছে যান নবান্নে। দেখা করেন মুখ্যমন্ত্রীর সঙ্গে। কেন এই সাক্ষাৎ? নওশাদের অভিযোগ, প্রশাসনিক জটিলতার কারণে নাকি আড়াই বছর ধরে বিধায়ক তহবিলের টাকা খরচ করতে পারছেন না তিনি। একাধিকবার প্রশাসনের বিভিন্ন স্তরে জানিয়েও নাকি কাজ হয়নি। তারপরই মুখ্যমন্ত্রীর দ্বারস্থ হওয়ার সিদ্ধান্ত নেন বিধায়ক।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

শনি যেমন একটি গ্রহ অন্যদিকে শনি দেব একজন ঈশ্বর ইতিহাস আমাদের অনেকেরই জানা। তবে আমরা নবগ্রহের একটি গ্রহ শনি, না শনিদেব কে ভয় পায় ।শনি শব্দটির মধ্যে ভয়-ভীতি ও শ্রদ্ধা সবকিছু যেন লুকিয়ে রয়েছে আর মানুষ সেটাকে প্রাচীনকাল থেকেই মেনে এসেছে। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# আচমকাই মোটা টাকা হাতে মহিলাদের প্রাক হোলি সাগরে

নিজস্ব সংবাদাতাদাতা, দক্ষিণ ২৪ পরগনা



আচমকাই মোটা অঙ্কের টাকা হাতে মেলায় প্রাক হোলি খেলে নীল কয়েকশো মহিলা। পরস্পরকে মিষ্টিমুখ করে রংবেরঙের আবির মেখে খুশির আনন্দে মেতে ছিলেন গৃহবধূর। সোমবার ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার সাগরদ্বীপে। তিন'মাসের একটি সরকারি প্রশিক্ষণ শেষে টাকা প্রদান দেওয়ার ব্যবস্থা করা হয়েছিল। এদিন স্থানীয় প্রশাসনের কর্তাব্যক্তিদের উপস্থিতিতে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে মহিলাদের এই টাকা দেওয়া হয়েছে।

কেন্দ্রীয় সরকারের গৃহীত 'স্কিল ডেভেলপমেন্ট' বিষয়ক তিন মাসের একটি কৃষি বিষয়ক ও ম্যানগ্রোভ বিষয়ক প্রশিক্ষণ সম্প্রতি শেষ হয়েছে। এই প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণপ্রাপ্ত সকল শিক্ষার্থীকে মাথাপিছু সাড়ে ৬ হাজার টাকা এবং শংসাপত্র দেওয়া হয়েছে। সেই খুশির আনন্দে উচ্ছ্বাসিত হয়েছিলেন মহিলারা।

পশ্চিমবঙ্গে সুনিশ্চিত কর্মসংস্থান কর্মসূচি স্থগিত থাকায় ওই প্রকল্পের অনুরূপ নতুন প্রকল্প গ্রহণ করেছে কেন্দ্রীয় সরকার। এই প্রকল্পের অধীনে রয়েছে 'ম্যানগ্রোভ উন্নয়ণ কর্মসূচি'। এই কর্মসূচির মাধ্যমে ম্যানগ্রোভ গাছের প্রাচীর গড়ে সাগরদ্বীপকে রক্ষার করার পরিকল্পনা কয়েছে কলকাতার ইংরাজ আমলে গঠিত 'দি বেঙ্গল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি' নামে একটি বণিক সংস্থা। এই কর্মকান্ডের প্রয়োজনে কেন্দ্রীয় সরকারের উদ্যোগে এই সংস্থা সাগরদ্বীপে ৫ হাজার পুরুষ ও মহিলাকে ১৮ সেপ্টেম্বর ২০২৫ থেকে 'কৃষি ও ম্যানগ্রোভ প্রসার বিষয়ক' প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। সংস্থার সিনিয়র ম্যানেজার শাশ্বত মুখোপাধ্যায় জানিয়েছেন, সাগরের মানুষ যাতে সারা বছর ঘরে বসে করতে পারে সেই কথা ভেবেই কেন্দ্রীয় সরকারি এই উন্নয়নমূলক পরিকল্পনা পরিচালনা করা হচ্ছে। সংস্থার চিফ ম্যানেজার অরিজিৎ দে জানিয়েছেন, আমাদের লক্ষ্য ৫ হাজার মানুষকে প্রশিক্ষণ দেওয়া, ইতিমধ্যে ৮৪১ জনকে প্রশিক্ষণ দিয়ে দিয়েছি। সাগরের আরও তিনটি স্কুলে নতুন করে প্রশিক্ষণ শুরু হয়েছে। এদিন ৮৪১ জনের হাতে টাকা বিতরণ করা হয়েছে।



## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# আমিষ বর্জিত গৌর পূর্ণিমা পালন করতে হবে পৌরসভার সভায় আহ্বান সকলের উদ্দেশ্যে পৌরপিতার

অভিজিৎ সাহা, নবদ্বীপ নদিয়া

"ধর্ম যার যার উৎসব সবার "দোলযাত্রা ২০২৫ উপলক্ষে ১০ ই মার্চ সোমবার নবদ্বীপ পৌরসভার উদ্যোগে আসন্ন দোল উৎসবের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হল রবীন্দ্র সংস্কৃতি মঞ্চে।তীর্থ শহর নবদ্বীপে বারো মাসে ১৩ পার্বণ লেগেই আছে। মাধ্যমিক পরীক্ষা শেষ হতেই উচ্চ মাধ্যমিক শুরু। তারই মাঝে দোল উৎসব ও ঈদল ফেতর। আর কয়েকদিন পরেই ১৪ ই মার্চ২৫ উদযাপিত হতে চলেছে দোল উৎসব শ্রী শ্রী গৌরাঙ্গ মহাপ্রভুর ৫৩৯ তম আবির্ভাব তিথি। পাশাপাশি একই সময়ে পালিত হবে অন্য ধর্মালম্বি সম্পদায়ের উৎসব ঈদলফেতর। শ্রী মায়াপুর ইসকন মন্দির সহ বিভিন্ন মঠ মন্দিরে ও চলছে বাৎসরিক হরিনাম সংকীর্তন সহ বিভিন্ন অনুষ্ঠানও নবদ্বীপ ধাম পরিক্রমা।এই দুই উৎসবকে কেন্দ্র করে যাতে কোনো এলাকায় কোনো রকম অপ্রীতিকর ঘটনা না ঘটে,তার জন্য পুলিশ প্রশাসনের পক্ষ থেকে মানুষের মধ্যে সচেতনতা বাড়িয়ে তুলতেই এই সমন্বয় সভার আয়োজন করেছে নবদ্বীপ থানা।নদীয়া জেলার বিভিন্ন শহর ও ব্লকের বিভিন্ন এলাকায় রয়েছে বহু মঠমন্দির ও মসজিদ, সে কারনে এখানে রয়েছে বিভিন্ন সম্প্রদায়ের মানুষের বসবাস। দোল উৎসব কে কেন্দ্র করে নবদ্বীপ পরিক্রমা বের হয় বিভিন্ন মঠ থেকে। কোনরকম যাতে বিশৃঙ্খলা সৃষ্টি না হয় তার জন্য প্রশাসন করা নির্দেশ দিয়েছেন। এছাড়া মন্দিরনগরি চৈতন্য ভূমি নবদ্বীপ শহর রাজ্য সরকার দ্বারা হেরিটেজ ঘোষিত হওয়ায় এখানে প্রতিদিনই দেশ বিদেশ থেকে পর্যটকদের আসা যাওয়া চলে এবং বিভিন্ন উৎসবের দিনগুলিতে সেই সংখ্যা বৃদ্ধি পায়। তাই উৎসবের বিশেষ দিন

এরপর ৬ পাতায়

(৫ পাতার পর)

# আমিষ বর্জিত গৌর পূর্ণিমা পালন করতে হবে পৌরসভার সভায় আহ্বান সকলের উদ্দেশ্যে পৌরপিতার

গুলিতে দেশ বিদেশ থেকে আসা পর্যটকদের কাছে কোনোরকম ভুল বার্তা না যায় সেদিকে লক্ষ রেখে নবদ্বীপ থানা ও কৃষ্ণনগর পুলিশ জেলার পক্ষ থেকে এবং সরকারি বিভিন্ন দপ্তরের আধিকারিকরা সচেস্ট থাকেন।

এইসভায় উপস্থিত ছিলেন নবদ্বীপ পৌরসভার পৌরপতি বিমান কৃষ্ণ সাহা, উপপৌরপতি শচীন্দ্র বসাক,পঞ্চায়েত সমিতির সভাপতি মঞ্জুরানী ঘোষ,সহ সভাপতি তাপস ঘোষ ,শহর ও ব্লকের বিভিন্ন মঠ মন্দিরের সাধুসন্ত,মসজিদের ইমাম,নবদ্বীপ ফেরী ঘাট পরিবহন, টোটো পরিবহন নবদ্বীপধাম ও কাটোয়া রেল পুলিশ প্রশাসন,বিদ্যুৎ দপ্তর, দমকল,নবদ্বীপ ব্যবসায়ী সমিতি ও প্রশাসনিক বিভিন্ন দপ্তরের আধিকারিক গন এবং নবদ্বীপ পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের জনপ্রতিনিধিগনের মধ্যে অনুরাধা মন্ডল,নিতাই দাস,স্বপন আচার্য্য এদিনের এই সভায় বক্তব্য রাখেন বলেন রাস উৎসব যেমন মাদক বজ্জিত রাস পালন করি ঠিক দোল বা গৌর পূর্ণিমাতে ও যাতে আমরা, আমিষ বজ্জিত এই উৎসব পালন করতে পারি তার আহ্বান জানাই। বিভিন্ন বক্তাসহ পৌরপতি বলেন, নবদ্বীপের দোল উৎসব এখন আন্তর্জাতিক উৎসবে পরিণত হয়েছে, সেই কারনে বিশ্বের বিভিন্ন দেশ থেকে পর্যটকরা এই উৎসবে যোগ দিতে নবদ্বীপ শহরে আসে তাঁদের প্রতি যেন কোনো রকম দুব্যবহার না হয় সেদিকে আমাদের নজর রাখতে হবে।"ধর্ম যার যার, উৎ সব সবার " এই কথাটা মাথায় রেখেই আমাদের সকলকে উৎসব পালন করতে হবে। পুলিশ প্রশাসন তার নিজের কাজ নিজে করবেন, এমন কোনরকম অপ্রীতিকর কাজ করবেন না যাতে পুলিশ প্রশাসনকে হস্তক্ষেপ করতে হয়। নবদ্বীপের মান উজ্জ্বল রাখার জন্য বিদেশ থেকে যে সমস্ত ভক্তবৃন্দরা আসবেন যাতে তারা সেই দেশে গিয়ে নবদ্বীপের প্রচার করেন শ্রীমান মহাপ্রভুর শহর নবদ্বীপ ঐতিহ্যমন্ডিত শহর। নবদ্বীপ শহরে যারা মাছ মাংস ব্যবসায়ী তাদের কাছে অনুরোধ করেন যাতে তিন দিনব্যাপী কোনরকম এই আমিষ জাতীয় দ্রব্য বিক্রি না করা হয়। মাংস বিক্রেতা রিয়াজ শেখ বলেন পৌর পতির অনুরোধ গ্রহণ করলাম সমস্ত ব্যবসায়ীদের আহ্বান জানানো হবে তারা যাতে এই তিন দিন এই সমস্ত আমিষ জাতীয় দ্রব্য না বিক্রি করেন। নবদ্বীপ থানার আইসি জলেশ্বর তেওয়ারী বলেন যেহেতু উচ্চ মাধ্যমিক পরীক্ষা চলবে সেই কারণে যাতে কোনরকম পরীক্ষার্থীদের অসুবিধা না পড়তে হয় প্রত্যেকটি মঠ মন্দিরসহ স্থানীয় যানবাহন থেকে ফেরিঘাট সকলের কাছে নির্দেশ পরীক্ষার্থীদের সহযোগিতা করতে হবে। তারশ্বরে যাতে মাইক না বাজে সেদিকে লক্ষ্য রাখতে হবে। টোটো তে পাঁচ থেকে ছয় জনের বেশি যাত্রী তোলা যাবে না। পর্যাপ্ত ট্রাফিক থাকবে। শহরের বিভিন্ন প্রান্তে প্রায় দেড়শ টির উপরে সিসি ক্যামেরা বসানো হয়েছে। ফেরিঘাট কে নির্দেশ দেওয়া হয়েছে পর্যাপ্ত পরিমাণে নৌকা রাখার। সুস্থ সম্পূর্ণভাবে উৎসব পালন করতে হবে। শ্রীচৈতন্য মহাপ্রভুর জন্মস্থান মন্দিরের মহারাজ অদ্বৈত দাস বাবাজি এবং শ্রীবাসঙ্গনঘাট মঠের জনার্দন দাস বাবাজি বলেন নবদ্বীপের জন্ম গ্রহণ করেছেন মহাপ্রভু অথচ মায়াপুরকে বেশি প্রাধান্য দেওয়া হচ্ছে কেন সেই বিষয়ে পৌরপতির দৃষ্টি আকর্ষণ করে বলেন এমন কিছু তৈরি করুন যাতে নবদ্বীপ শহরেই প্রাচীন মায়াপুরের স্থানে মহাপ্রভু জন্মগ্রহণ করেছেন তা প্রমাণিত হবে। নবদ্বীপের বিভিন্ন ঘাট গুলো যেমন সংস্কার হয়েছে পাশাপাশি স্নানের পরে মানুষের পরিধান পরিবর্তন করার জন্য তার বাথরুম বা শৌচালয় গুলো সংস্কার করা প্রয়োজন। জাতীয় শিক্ষক তথা নবদ্বীপ প্রেসক্লাবের সভাপতি বিজন কুমার সাহা বলেন বিভিন্ন সংবাদ মাধ্যম সহ পৌরসভার মাধ্যম দিয়েও আমাদের প্রচার রাখতে হবে, মহাপ্রভু নবদ্বীপ শহরেই জন্মগ্রহণ করেছেন। মায়াপুর মিয়াপুর নামে পরিচিত ছিল। প্রয়োজনে বিভিন্ন পাঠ্য পুস্তকের মাধ্যম দিয়ে সর্বত্র প্রচার করতে হবে। সভার সমাপ্তি ঘোষনা করেন উপপৌর পতি শচীন্দ্র বসাক। সমগ্র অনুষ্ঠানটি ব্যাখ্যা মূলকভাবে সঞ্চালনা করেন শিক্ষক,কবি, সাহিত্যিক সিরাজুল ইসলাম।

# কানাডার নেতা হয়েই আমেরিকাকে কার্নির হুঁশিয়ারি




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

এক লাখ ৫২ হাজার ভোটারের মধ্যে ৮৫.৯% এর ভোটে কানাডার ক্ষমতাসীন লিবারেল পার্টির সম্মেলনে দলটির নতুন নেতা নির্বাচিত হয়েছেন মার্ক কার্নি। অর্থাৎ পদত্যাগকারী জাস্টিন ট্রুডোর স্থলাভিষিক্ত হতে যাচ্ছেন কানাডার পরবর্তী প্রধানমন্ত্রী হিসেবে।

রবিবার প্রকাশিত আনুষ্ঠানিক ফলাফলে দেখা গেছে, লিবারেল পার্টির নেতা নির্বাচনের ভোটাভুটিতে দেশটির কেন্দ্রীয় ব্যাংকের সাবেক গভর্নর কার্নি সর্বোচ্চ ভোট পেয়েছেন। কার্নি ব্যাংক অব ইংল্যান্ডেরও সাবেক গভর্নর।

এক টালমাটাল সময়ে কানাডা যখন নানা সংকটের মধ্যে দিয়ে যাচ্ছে তখন কার্নি দেশটির দায়িত্ব নিতে যাচ্ছেন। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অধীনে থাকা দীর্ঘ দিনের মিত্র, প্রতিবেশী যুক্তরাষ্ট্রের সঙ্গে এক বাণিজ্য যুদ্ধের মধ্যে আছে কানাডা। তারপর কার্নিকে দ্রুতই একটি সাধারণ নির্বাচনের আয়োজন করতে হবে।

লিবারেল পার্টির ওই ভোটাভুটিতে কার্নি (৫৯) কানাডার সাবেক অর্থমন্ত্রী ক্রিস্টিয়া ফ্রিল্যান্ডকে পরাজিত করেন।

নির্বাচিত হয়েই আমেরিকা প্রসঙ্গে কার্নি বলেন, নতুন এলে তো নতুন ধরনের ভাবনা এবং পরিকল্পনা দরকার হয়। আমরা আরও নির্ভরযোগ্য দেশের সঙ্গে নতুন করে বাণিজ্যিক সম্পর্ক তৈরি করবো। আমেরিকা তাদের পণ্যে বাড়তি শুল্ক আরোপ করলে কানাডাও পাল্টা চাপাবে, সাফ জানিয়ে দিয়েছেন কার্নি। তিনি বলেন, আমেরিকানরা যতদিন না আমাদের শ্রদ্ধা জানাবে ততদিন পারস্পরিক শুল্ক থাকবে।

রাজনীতিতে বহিরাগত কার্নিই হচ্ছেন কানাডার এ জগতের অভিজ্ঞতাহীন প্রথম প্রধানমন্ত্রী। তবে তিনি জানিয়েছেন, দুটি জি৭ রাষ্ট্রের কেন্দ্রীয় ব্যাংকের গভর্নরের দায়িত্বপালনের অভিজ্ঞতা থাকা প্রথম ব্যক্তি হিসেবে তিনিই ট্রাম্পের সঙ্গে কাজ করার জন্য সবচেয়ে উপযুক্ত ব্যক্তি।

(৩ পাতার পর)

# তোপ, বন্দুক নিয়ে সবে নেমেছিল ট্রাম্পের সেনা! পরপর প্রাণঘাতী মিসাইল ছুঁড়ল কিমের দেশ

সবে মার্কিন মসনদে এসে বসেছেন আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ক্ষমতা পুনরুদ্ধারের পর একাধিক বড় বড় পরিবর্তন করে ফেলেছেন তিনি। তবে নাক গলাননি উত্তর কোরিয়ার ব্যক্তিগত পরিসরে। তবু পড়তে হল ফাঁপরে। সোমে যখন সামরিক মহড়ার জন্য দক্ষিণ কোরিয়ার সঙ্গে প্রস্তুতি নিচ্ছে আমেরিকা। সেই সময়ই তাদের মহড়া ছত্রভঙ্গ করতে আকাশের দিকে তাক করে ক্ষেপণাস্ত্র ছুঁড়ল কিম জং উনের সেনা।

এই প্রসঙ্গে দক্ষিণ কোরিয়ার এক সেনাকর্তা জানান, 'আমাদের সেনাবাহিনী দুপুর ১টা ৫০ নাগাদ (দক্ষিণ কোরিয়ার সময় অনুযায়ী) পশ্চিম সাগরের আকাশে একাধিক ব্যালেস্টিক মিসাইলের হদিশ পায়। উত্তর কোরিয়া তরফেই সেই

# সিনেমার খবর

## সমাজের চোখ রাঙানিকে তোয়াক্কা করেন না শ্রাবন্তী


শ্রাবন্তী চট্টোপাধ্যায়

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সমাজের চোখ রাঙানিকে তোয়াক্কা করেন না মন্তব্য করে টালিউড অভিনেত্রী শ্রাবন্তী চট্টোপাধ্যায় বলেছেন, একাধিক বিয়ে নিয়ে তার কোনো সমস্যা নেই।

ইন্ডিয়ান সংবাদমাধ্যম আনন্দবাজারকে দেওয়া সাক্ষাৎকারে যাপিত জীবন নিয়ে খোলামেলা কথা বলেছেন এই অভিনেত্রী। জীবনে এই মুহূর্তে প্রেম আছে কী না প্রশ্নে শ্রাবন্তী বলেন, প্রেমে তো থাকিই। কিন্তু সমস্যাটা হচ্ছে ভবিষ্যৎ ভাবতে শুরু করে দেয় সবাই। প্রত্যেকের বাঁচার অধিকার রয়েছে, সে কিসে ভালো থাকবে, সেটা তো তার ব্যক্তিগত ব্যাপার। তা না, তিন-চারটা বিয়ে, সমাজের কত চোখরাঙানি! আমার কিচ্ছু এসে যায় না।

অযাচিত কৌতুহল নিয়ে অভিনেত্রী ক্লান্ত কী না প্রশ্নে তিনি বলেছেন মাঝমধ্যে তিনি ভেঙে পড়েন, তবে সামলেও নেন। সাক্ষাৎকারে বড় অংশজুড়ে এসেছে শ্রাবন্তীর বর্তমান এবং আগামী কাজের পরিকল্পনার কথাও। শ্রাবন্তীর প্রত্যাশা, পরিচালকার নিত্যনতুন ধরনের চরিত্রে যদি তাকে নিয়ে ভাবতেন সেটা ভালো হত। তিনি বলেন, আমি নিজেকে নতুন নতুন ভাবে আবিষ্কার করতে চাই। তাই চাইছি, যদি পরিচালকেরা আমাকে আরও একটু এক্সপ্লোর করেন।

হিন্দিতেও ওটিটিতে কাজে আগ্রহী বলে জানিয়েছেন তিনি। এছাড়া অপেক্ষা করে আছেন বলিউড থেকে ডাক পাবারও। শ্রাবন্তী বলেন, মুম্বাই যাওয়ার জন্য পাগল হয়ে যাচ্ছি না আমি। ভালো কাজ এলে নিশ্চয়ই করব।

শ্রাবন্তী 'বাবু সোনা' নামের একটি সিনেমায় কাজ করছেন। অংশুমান প্রত্যুষের এই সিনেমায় তার বিপরীতে আছেন জিতু কমল। এখানে চোরের চরিত্রে অভিনয় করেছেন শ্রাবন্তী, সিনেমাটি মুক্তি পাবে চলতি বছরে। এছাড়া শুভ্রজিৎ মিত্রের পরিচালনায় 'দেবী চৌধুরানী' সিনেমায় মূল চরিত্রে শ্রাবন্তী অভিনয় করেছেন। 'আমার বস' নামের আরেকটি সিনেমায় রাখি গুলজার এবং শিবপ্রসাদ মুখোপাধ্যায়ের সঙ্গে গুরুত্বপূর্ণ চরিত্রে দেখা যাবে এই অভিনেত্রীকে।

## কেন মেয়ের সব ছবি মুছে ফেললেন আলিয়া



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বছরের শুরুতেই মুম্বাইতে নিজ বাসভবন সদগুরু শরণে বলিউড অভিনেতা সাইফ আলি খানের ওপর হামলার ঘটনা ঘটে। সে সময় জানা যায়, আততায়ীর লক্ষ্য অভিনেতার ছোট সন্তান খুদে জেহর দিকেই। তারপর থেকেই জেহ-তৈমুরকে পাপারাজ্জিদের ক্যামেরার অন্তরালে রাখার সিদ্ধান্ত নিয়েছেন অভিনেত্রী কারিনা কাপুর খান। এমনকি ফটোশিকারিদের দেখলে আগে থেকেই সতর্ক বাণী দিয়ে দেন, 'যেন বাচ্চাদের কোনো ছবি তোলা না হয়।'

এবার একই পথে হাঁটলেন অভিনেত্রী আলিয়া ভাট। এরই মধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে শেয়ার করা ছোট্ট মেয়ে রাহার সব ছবি সরিয়ে ফেলেছেন আলিয়া। রণবীর-আলিয়া দম্পতির প্রথম কন্যাসন্তান 'রাহা' এরই মধ্যে সে রীতিমতো স্টার। এদিকে মেয়ে তো আড়াই বছর বয়সেই 'ক্যামেরা রেডি'। কাপুর পরিবারের মেয়ে বলে কথা! দুই ফুফু কারিশমা আর কারিনার ম্যাজিকে মুগ্ধ হয়েছেন অনুরাগীরা। অন স্ক্রিন, অফ স্ক্রিন সবখানেই কাপুর সিস্টার্সরা হিট। রাহার বাবা রণবীর কাপুরও অবশ্য কম যান না। মা আলিয়া ভাটও তাই। তবে ফটোশিকারিদের সঙ্গে আলাপ না থাকলেও আধ-আধ উচ্চারণেই তাদের কখনও শুভেচ্ছা জানায় সে, আবার কখনও বা হাত নেড়ে চুমু ছোড়ে। এমন মিষ্টি আচরণেই সবার মন কেড়েছে রাহা। কিন্তু নিরাপত্তার স্বার্থে মেয়েকে বাড়তি 'স্পটলাইট' থেকে দূরে রাখতে বড় এ সিদ্ধান্ত নিয়েছেন আলিয়া। তাই পোস্ট করা রাহার সব ছবি মুছে ফেলেন।

এদিকে মিষ্টি রাহাকে দেখতে না পাওয়ার আশঙ্কায় মন খারাপ অনুরাগীদের। তাদের প্রশ্ন, 'রাহার ছবি কি আর কখনও দেখতে পাব না?'

তবে সিংহ ভাগ অবশ্য আলিয়ার, এ সিদ্ধান্তে সমর্থন জানিয়েছেন। তাদের মন্তব্য, উচিত কাজ করেছেন মা হিসেবে। কেউ বলছেন, 'মিষ্টি বাচ্চাদের ছবি দেখে অনেকেই কুনজর দেন বা হিংসা করেন।' একাংশ আবার প্রশ্ন ছুড়েছেন, 'ননদ কারিনার বাড়িতে হামলার ঘটনা থেকে শিক্ষা নিয়েই কি এমন সিদ্ধান্ত নিয়েছেন আলিয়া?'

## শ্রদ্ধার মুঠোফোন থেকে প্রেমিকের ঘনিষ্ঠ ছবি ফাঁস

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

অনেকদিন ধরেই গুঞ্জন চিত্রনাট্যকার রাহুল মোদীর সঙ্গে প্রেম করছেন জনপ্রিয় বলিউড অভিনেত্রী শ্রদ্ধা কাপুর। এর কারণও স্পষ্ট। প্রায় সময়ই বিভিন্ন জায়গায় আলাদা করে সময় কাটাতে দেখা গেছে শ্রদ্ধা-রাহুলকে। কখনো একসঙ্গে বিয়ের অনুষ্ঠানে গেছেন, আবারও নেচেছেন এক মঞ্চে। এছাড়া কয়েকদিন আগেই একই ফ্লাইটে পাশাপাশি দেখা গেছে তাদের। এরপরও প্রেমের গুঞ্জন নিয়ে মুখে কুলুপ এঁটে আছেন অভিনেত্রী।

এর মধ্যে ছবিশিকারিদের



ক্যামেরায় বন্দী হয়েছে শ্রদ্ধা কাপুর ও রাহুল মোদীর ঘনিষ্ঠ ছবি। রবিবার সন্ধ্যায় কোনো একটি জায়গা থেকে বের হয়ে গাড়িতে উঠছিলেন শ্রদ্ধা। হাতে মুঠোফোন। হাতের চাপে সেটি চালু হতেই দেখা গেল ওয়ালপেপারে কাপল পিক! ছবিতে স্পষ্টতই দেখা যাচ্ছে, তার সেই চর্চিত প্রেমিক রাহুলের সঙ্গেই ঘনিষ্ঠ অবস্থায় শ্রদ্ধা কাপুর। এমন দৃশ্য ফাঁস হতেই যেন শোরগোল তাদের অনুরাগীদের মনে।

এর আগে, গত বছর থেকেই চিত্রনাট্যকার রাহুলের সঙ্গে শ্রদ্ধার সম্পর্কের গুঞ্জন শুরু হয়। একাধিক পার্টিতেও দেখা মিলেছে তাদের। তবে প্রকাশ্যে নিজেদের সম্পর্কের কথা স্বীকার করেননি কেউই। বলতে গেলে, ডুবে ডুবেই জল খাচ্ছে এ তারকা জুটি! এদিকে ভক্ত অনুরাগীরাও অপেক্ষায় রয়েছেন তাদের প্রেমের ঘোষণার।

# কোহলির প্রশংসায় বন্ধু সুনীল

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

ক্রিকেট ও ফুটবলে ভারতের মুখ উজ্জ্বল করেছেন দুই তারকা। বিরাট কোহলি এবং সুনীল ছেত্রি। একে অপরের খুব ভালো বন্ধু তারা। তাই একজনের সাফল্যে উচ্ছ্বসিত হন আরেকজন। সেই ছবিটাই ধরা পড়ল ইস্টবেঙ্গল বনাম বেঙ্গালুরু এফসি ম্যাচের পর। পাকিস্তানের বিরুদ্ধে বিরাটের সেঞ্চুরি নিয়ে মুগ্ধ সুনীল, রেশ কাটেনি এখনও। ম্যাচের পর জানালেন সেটাই।



বিরাট কোহলি ও সুনীল ছেত্রি

রবিবার আইএসএলের ম্যাচে নেমেছিল ইস্টবেঙ্গল ও বেঙ্গালুরু। শেষ মুহূর্তে পেনাল্টি থেকে গোল করে বেঙ্গালুরুর হার বাঁচান সুনীল ছেত্রী। ১-১ গোলে ড্র হয় ম্যাচটি।

এদিকে, রবিবার চ্যাম্পিয়ন্স ট্রফিতে ভারতের ম্যাচ ছিল নিউজিল্যান্ডের বিরুদ্ধে। সেটা ছিল বিরাট কোহলির ৩০০তম ওডিআই ম্যাচ। তবে পাকিস্তানের বিপক্ষে বিরাটের সেঞ্চুরির রেশ কাটেনি এখনও সুনীলের মন থেকে।

ইস্টবেঙ্গলের বিরুদ্ধে ম্যাচের পর এক সাংবাদিক সুনীলকে বলেন, 'আপনি বিরাটের খুবই কাছের বন্ধু। ক্যারিয়ারে ৩০০তম ওডিআই ম্যাচ খেলে ফেললেন কোহলি। আপনিও খেলছেন দীর্ঘদিন ধরে। দুজনই তরুণ প্রজন্মের কাছে রোলমডেল। বিরাটের এই পারফর্ম্যান্স নিয়ে কী বলবেন?'

উত্তরে সুনীল উচ্ছ্বসিত হয়ে সাংবাদিককে বলেন, 'পাকিস্তানের বিরুদ্ধে সেঞ্চুরিটা দেখেছিলেন? বিরাট একজন দুর্দান্ত ক্রিকেটার। বারবার নিজের দক্ষতার প্রমাণ দিয়েছেন তিনি। ওর প্রতিভা নিয়ে বলতে গেলে যেকোনো শব্দই কম পড়বে। দীর্ঘদিন ধরে একই ছন্দে খেলে যাচ্ছেন এবং কঠিন পরিস্থিতিতে নিজেকে প্রমাণ করার চেষ্টাই ওকে আলাদা করে তুলেছে বাকিদের থেকে। যখনই কথা হয়, আরই উন্নতি করার তাগিদ দেখতে পাই বিরাটের মধ্যে। আশা করি ভবিষ্যতে দেশকে আরও সাফল্য এনে দেবেন উনি।'

২৩ ম্যাচে ৩৮ পয়েন্ট নিয়ে আইএসএল পয়েন্ট তালিকায় তিনে আছে বেঙ্গালুরু এফসি। জাতীয় দল থেকে অবসর নিলেও আইএসএলে দাপট দেখাচ্ছেন সুনীল ছেত্রী। এখনও পর্যন্ত ১২ গোল করে লিগের দ্বিতীয় সর্বোচ্চ গোলদাতা তিনিই।

## চ্যাম্পিয়নস ট্রফি জিতে কত টাকা পেল ভারত?



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

নিউজিল্যান্ডকে হারিয়ে চ্যাম্পিয়নস ট্রফির নবম আসরে চ্যাম্পিয়ন হয়েছে ভারত। ২০২৩ সাল থেকে আইসিসির সবশেষ তিন প্রতিযোগিতায় ২৪ ম্যাচের মধ্যে ২৩টিই জিতেছে ভারত। রোহিত শর্মার দলের একমাত্র হারটি ২০২৩ সালে ঘরের মাঠের ওয়ানডে বিশ্বকাপের ফাইনালে।

রবিবার (৯ মার্চ) দুবাইয়ে চ্যাম্পিয়ন্স ট্রফির ফাইনালে নিউজিল্যান্ডকে ৪ উইকেটে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে ভারত। এর আগে ২০১৩ সালে চ্যাম্পিয়ন্স হয়েছিল ভারত। ২০১৭ সালে ফাইনালে উঠলেও পাকিস্তানের কাছে হেরে রানার্সআপ হয়েছিল ভারত। এছাড়া ২০০২ সালে বৃষ্টির কারণে ফাইনাল ভেস্তে গেলে শ্রীলঙ্কার সঙ্গে শিরোপা ভাগাভাগি করে তারা।

এবারের চ্যাম্পিয়ন্স ট্রফির জন্য মোট প্রাইজমানি বরাদ্দ ছিল ৬.৯ মিলিয়ন ডলার (বাংলাদেশি টাকায় ৮৩ কোটি ৭৯ লাখ ৪১ হাজার টাকা প্রায়)। এর মধ্যে চ্যাম্পিয়ন ভারত পেয়েছে ২.২৪ মিলিয়ন ডলার (২৭ কোটি ২০ লাখ ২৭ হাজার টাকা প্রায়)।

ভারত এবারের আসরে অপরাজিত দল হিসেবে চ্যাম্পিয়ন হওয়ায় বেশ মোটা অঙ্কের অর্থ আয় করেছে। গ্রুপ পর্বে বাংলাদেশ, পাকিস্তান ও নিউজিল্যান্ডকে হারিয়ে ম্যাচপ্রতি ৩৪ হাজার ডলার করে মোট ১ লাখ ২ হাজার ডলার আয় করেছে (১ কোটি ২৩ লাখ ৮৭ হাজার টাকা প্রায়)।

এছাড়া অংশগ্রহণকারী প্রতিটি দল ১ লাখ ২৫ হাজার ডলার (১ কোটি ৫১ লাখ ৮০ হাজার টাকা) করে পেয়েছে। ভারতও পেয়েছে সেই টাকা। ফলে সব মিলিয়ে টুর্নামেন্ট থেকে ভারতের আয় দাঁড়িয়েছে ২.৪৬৭ মিলিয়ন ডলার বা ২৯ কোটি ৯৪ লাখ টাকারও বেশি।

## রদ্রি মাঠে ফিরবেন কবে জানালেন গার্দিওলা

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

গুরুতর চোট কাটিয়ে দীর্ঘদিন পরে মাঠে ফিরছেন ম্যানচেস্টার সিটির স্প্যানিশ মিডফিল্ডার রদ্রি। চলতি মৌসুম শেষ হওয়ার আগেই তাকে মাঠে দেখা যাবে বলে জানিয়েছেন সিটির কোচ পেপ গার্দিওলা।

গত সেপ্টেম্বরে এসিএল ইনজুরিতে পড়ে দীর্ঘ সময়ের জন্য মাঠের বাইরে চলে যান রদ্রি। তখন গার্দিওলা জানান, চলতি মৌসুমে আর দেখা যাবে না রদ্রিকে। তবে এখন গার্দিওলাই বলেছেন মৌসুম শেষ হওয়ার আগেই মাঠে ফিরবেন ব্যালন ডি'অর জয়ী এই স্প্যানিশ তারকা।



এরই মধ্যে এককভাবে অনুশীলন শুরু করেছেন রদ্রি। তার উন্নতিতে খুশি গার্দিওলা। এই মৌসুমে রদ্রিকে পেতে উন্মুখ হয়ে আছেন তিনিও।

এই স্প্যানিশ কোচ বলেন, সমর্থকদের অবশ্যই জানা উচিত, (রদ্রি ফেরার সম্ভাবনায়) কেবল তারাই রোমাঞ্চিত নয়। সে আজ বলে স্পর্শ করেছে। ড্রেসিং রুমে ছিল... সে আরও আত্মবিশ্বাসী অনুভব করছে, খুশি লাগছে তার।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR